

৭৯৯৩
৩৬

স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন বৃদ্ধির আবেদন

দীর্ঘ দুই যুগ ধরে প্রতিষ্ঠিত সরকারীভাবে স্বীকৃত
রেজিস্ট্রেশনকৃত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ৮/৯
হাজার। প্রায় ৩৫০০ মাদ্রাসায় ৪ জন করে শিক্ষক মাসিক মাত্র
৫০০ টাকা হারে নিয়মিত বেতন-ভাতা পাচ্ছেন। ১৯৮১ সাল
থেকে স্থানীয় জনসাধারণের এচেটায় স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা
প্রতিষ্ঠিত হয়েছে।

নব্বইয়ের দশকে এসে প্রতি ইউনিয়নে একটি করে মাদ্রাসা
এমপিওভুক্ত করা হয়। বিগত বিএনপি সরকারের আমলে
শিক্ষকদের ইনডেক্স নম্বর ও শিক্ষক প্রতিষ্ঠানের কোড নম্বর
দেয়া হয়। শিক্ষকগণ আশা করেছিলেন যে, হয়তো এবার
তাদের ভাগ্যের পরিবর্তন হবে। বেতন-ভাতা বৃদ্ধি পাবে। সে
ওড়েনি। স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসায় সরকার কর্তৃক
বিনামূল্যে পাঠ্য বই ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতির টাকা দেয়া
হয়। কিন্তু যে শিক্ষক পাঠদান করবেন তাকে দেয়া হয়
প্রতিমাসে মাত্র ৫০০ টাকা। দৈনিক হিসাবে ১৭ টাকা যা দিয়ে
এক কেজি লবণ ছাড়া আর কিছুই পাওয়া যায় না।
বর্তমান সরকারের কাছে শিক্ষকদের আকুল আবেদন
শিক্ষকদের বেতন-ভাতা ৫০০ টাকার স্থলে তাদের সম্মানজনক
একটা বেতন-ভাতা প্রদান করা হোক। এজন্য শিক্ষক সমাজ
চিরকৃতজ্ঞ থাকবে।

মোঃ নূরুল ইসলাম
প্রধান-শিক্ষক

পূর্ব টুবিয়া মসজিদ সংলগ্ন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা
পোঃ ব্রাদা, থানা : মাদারীপুর, জেলা : মাদারীপুর।